দৈনিক ইত্তেফাক

APR. 08 2002

তারিখ ...
পৃঃ ... কলাম ...

# ছাত্রলীগ কার্যাল
# বিক্ষুব্ধদের তালা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ছাত্রলী
নয়াকমিটিতে ঠাই না পেয়ে সংগঠনের এক
বিক্ষুব্ধ নেতা-কর্মী গতকাল রবিবার সন্ধ
বঙ্গবন্ধু এভিনিউতে অবস্থিত ছাত্রলী
কার্যালয়ে তালা ঝুলিয়ে দিয়েছে। ঢ
বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিন থেকেও
কমিটির এক নেতাকে ধাওয়া করে বের ক
দিয়েছে কমিটি থেকে বাদপড়া নেতা-কর্মী
অভিযোগে বলা হয়, ছাত্রলীগের নবগঠিত ১
সদস্যের কমিটিতে (২য় পৃষ্ঠায় ৭-এর কঃ

## ছাত্রলীগ কার্যালয়ে

(প্রথম পৃষ্ঠার পর)

নিয়মিত ৪০ জন ছাত্র, আর বাকী সকলেই ৫/৬ বছর পূর্বে ছাত্রজীবনের ইতি টেনেছে। বিবাহিত আছে ১২ জন। ছাত্রলীগের গঠনতন্ত্র লংঘন করে অছাত্র, বিবাহিত ও ২৭ বছরের বেশী বয়সীদের কমিটিতে রাখা হয়েছে। এছাড়া কমিটিতে ঠিকাদার, অছাত্র এবং বিভিন্ন মামলার আসামীরা রয়েছে বলে অভিযোগে প্রকাশ। জানা যায়, ছাত্রলীগের ২১ জন সহ-সভাপতির মধ্যে ছাত্রত্ব রয়েছে মাত্র ৩ জনের। তারা হলেন বলরাম পোদ্দার (এমফিল গবেষক), আশরাফুল আজিম রুবন ও ইকবাল হোসেন ভুইয়া। সহ-সভাপতির মধ্যে বিবাহিত সাইফুদ্দিন নাসির এবং শফিকুল ইসলাম। আর সকলেই ব্যবসা বাণিজ্য ও ঠিকাদারী করেন। ৬ যুগ্ম সাধারণ সম্পাদকের মধ্যে মিহির কান্তি ঘোষাল শুধু ছাত্র। সাংগঠনিক সম্পাদকের মধ্যে জাকির হোসেন মারুফ এবং ফুলটাইম ব্যবসায়ী এবং অলক বণিক সিটি কর্পোরেশনের নিয়মিত ঠিকাদার। এছাড়া সম্পাদক ও সহ-
সম্পাদকদের মধ্যে সহ-দপ্তর সম্পাদক সিরাজু
মনির টিপু, সমাজ সেবা সম্পাদক এম এ মমি
পাটওয়ারী, সহ-সমাজ সেবা সম্পাদ
নূরুন্নাহার আক্তার সবুজ, সহ-সাংস্কৃতি
সম্পাদক খোকন, সহ-আইন সম্পাদক খন্দকা
গোলাম সাবির, সহ-তথ্য ও গবেষণা সম্পাদ
শাহনাজ পারভীন আভা ও সহ-অর্থ বিষয়
সম্পাদক এসকে বাদলের ছাত্রত্ব আছে
সম্পাদক ও সহসম্পাদকের মধ্যে চট্টগ্রামে
মহিম উদ্দিনকে সহ-পাঠাগার সম্পাদ
দেবাশীষ পাল দেবুকে সদস্য করা হয়েছে
এদের বিরুদ্ধেও নানা অভিযোগ রয়েছে।

ক্ষুব্ধ নেতা-কর্মীরা জানিয়ে দেয়, ২
ঘন্টার মধ্যে কমিটিতে তাদের নাম অন্তর্ভু
করা না হলে আর ক্যাম্পাসে ঢুকতে দেয়া হ
না। পরে মারুফা আক্তার পপি, বলরা
পোদ্দার, সাইফুজ্জামান শিখর, আব্দুল আলী
ক্ষুব্ধ নেতা-কর্মীদের শান্ত করেন। ছাত্রলীগে
কমিটি নিয়ে ওবায়দুল কাদের বলেছেন, অছ
ও বিবাহিতদের ছাত্রলীগের কমিটিতে রা
হবে না। ছাত্রলীগের কমিটি নিয়ে সংগঠ
ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক সাইফুজ্জামান শি
বলেন, যারা বিবাহিত এবং নিয়মিত ছাত্র
তাদেরকে চিহ্নিত করে ৭ দিনের মধ্যে ব্যব